দৈনিক বাংলা
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 20 JUN 1989 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 3 ...

113

### বিদ্যালয়

## সরকারীকরণের আবেদন

১৯৬৬ সালে রামপুরায় জনাব মযহারুল হক প্রতিষ্ঠা করেন একরামুন্নেছা উচ্চ বালক বিদ্যালয়। বিদ্যালয়ের জন্য তৎকালীন সরকার ও বিভাগীয় কমিশনার মহোদয়ের পৃষ্ঠপোষকতায় একটি ত্রি-তল ভবন, একটি একতল ভবন ও এল আকৃতির প্রায় ২০০ হাত লম্বা আধা-কাঁচা একটি টিনের ঘর নির্মিত হয়। বর্তমানে এ বিদ্যালয়ের ছাত্র সংখ্যা প্রায় দুই হাজার এবং শিক্ষক সংখ্যা ৪০। প্রতিষ্ঠা লগ্ন থেকেই বিদ্যালয়টির এসএসসি পরীক্ষার ফলাফল উৎসাহ ব্যঞ্জক। ১৯৮৮ সালের এসএসসি পরীক্ষায় ১০৪ জন ছাত্রের মধ্যে ৪ জন স্টার মার্কসহ ৩৬ জন প্রথম বিভাগে উত্তীর্ণ হয়। এবারও এ বিদ্যালয় থেকে ১২৪ জন ছাত্র এসএসসি পরীক্ষায় অবতীর্ণ হয়েছে। বিদ্যালয়ের আর্থিক অবস্থাও অত্যন্ত সন্তোষজনক। যতদূর জানা যায়, এ বিদ্যালয়ের ছাত্রানুপাতে মাসিক আয় ৪৫ হাজার টাকার কাছাকাছি এবং শিক্ষক ও অন্যান্য কর্মচারীদের মাসিক বেতন বাবদ ব্যয় হয় প্রায় ৩৫ হাজার টাকা। সর্বপ্রকার ব্যয় বাদে বৎসরান্তে বিভিন্ন ফান্ডসহ বিদ্যালয়ের প্রায় ২ লক্ষ টাকা উদ্বৃত্ত থাকে।

রামপুরা টেলিভিশন ভবনের সন্নিকটে (পশ্চিম পার্শ্বেই) এ বিদ্যালয়টি অবস্থিত থাকায় এটি দেশী-বিদেশী সম্মানিত অতিথি

## জনমত

বৃন্দের দৃষ্টি আকর্ষণ করে। বিশ্ব রোডটি মৌচাক থেকে রামপুরা হয়ে নিউ এয়ারপোর্টের সাথে সংযুক্ত হওয়ায় রামপুরার গুরুত্ব অনেকাংশে বৃদ্ধি পাচ্ছে। এই সাথে রামপুরা একরামুন্নেছা উচ্চ বালক বিদ্যালয়টির ভবিষ্যৎও উজ্জ্বল হয়ে উঠেছে। এ বিদ্যালয়ের সাথে বিভিন্ন এলাকার যাতায়াত ব্যবস্থাও উন্নতমানের। তাছাড়া বিদ্যালয়টি সুদক্ষ উচ্চ শিক্ষিত শিক্ষকমন্ডলী দ্বারা পরিচালিত। এসব দিক বিবেচনা করে মহানগরীর গুরুত্বপূর্ণ এলাকা গুলশান থানাধীন রামপুরা একরামুন্নেছা উচ্চ বালক বিদ্যালয়টিকে সরকারীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করছি।

—মোহসিনা সুলতানা,
আনন্দনগর, ঢাকা।